

হা - হা মুখোস

মুখোস সবারই থাকে
কেউ নেই মুখোসবিহীন,
প্রয়োজনে কেউ পরে
কেউ পরে থাকে সারাদিন।

গোপনে কেউ বা পরে
কেউ পরে সকালবেলায়,
কেউ বা রাত্রে পরে
মেতে ওঠে হিঙ্গ্র খেলায়।

দেবতা মুখোস পরে
ছাড়ানো বসন যে সময়,
সমাজে তখন থেকে
মুখোশে মুখোশ বিনিময়।

মুখোশ পালটে যায়
কর্মকেন্দ্র করে রোজ,
মুখোশ টানতে গেলে
উঠে যাবে তোমারই দু চোখ।

তপন চত্রবর্তী

